

🗏 আল-কামার | Al-Qamar | ٱلْقَمَر

আয়াতঃ ৫৪: ৪৫

া আরবি মূল আয়াত:

سَيُهِزَمُ الجَمعُ وَ يُوَلُّونَ الدُّبُرَ ﴿٢٥﴾

সংঘবদ্ধ দলটি শীঘ্রই পরাজিত হবে এবং পিঠ দেখিয়ে পালাবে। — আল-বায়ান এ সংঘবদ্ধ দল শীঘ্রই পরাজিত হবে আর পিছন ফিরে পালাবে। — তাইসিরুল এই দলতো শীঘ্রই পরাজিত হবে এবং পৃষ্ঠ প্রদর্শন করবে, — মুজিবুর রহমান

[Their] assembly will be defeated, and they will turn their backs [in retreat]. — Sahih International

৪৫. এ দল তো শীঘ্রই পরাহিত হবে এবং পিঠ দেখিয়ে পালাবে(১),

(১) এটা একটি সুস্পষ্ট ভবিষ্যতবাণী। অর্থাৎ কুরাইশদের সংঘবদ্ধ শক্তি, যা নিয়ে তাদের গর্ব ছিল অচিরেই মুসলিমদের কাছে পরাজিত হবে। [কুরতুবী; ইবন কাসীর] আব্দুল্লাহ ইবনে আব্বাসের ছাত্র ইকরিমা বর্ণনা করেন যে, উমর রাদিয়াল্লাহু আনহু বলতেন, যে সময় সূরা কামারের এ আয়াত নাযিল হয় তখন আমি অস্থির হয়ে পড়েছিলাম যে, এটা কোন সংঘবদ্ধ শক্তি যা পরাজিত হবে? কিন্তু বদর যুদ্ধে যখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বর্ম পরিহিত অবস্থায় সামনের দিকে ঝাঁপিয়ে পড়ছেন এবং তার পবিত্র জবান থেকে وَيُولُونَ الدُّبُر) للبّرا উচ্চারিত হচ্ছে তখন আমি বুঝতে পারলাম এ পরাজয়ের খবরই দেয়া হয়েছিল। [দেখুন: বুখারী: ৪৮৭৫]

তাফসীরে জাকারিয়া

(৪৫) এই দল তো শীঘ্রই পরাজিত হবে এবং পৃষ্ঠ প্রদর্শন করবে।[1]

[1] আল্লাহ তাদের ভ্রান্ত ধারণার খন্ডন করলেন। জামাআত তথা দল বলতে মক্কার কাফেরদেরকে বুঝানো হয়েছে। সুতরাং বদরের যুদ্ধে তাদের পরাজয় হয় এবং তারা পৃষ্ঠপ্রদর্শন করে পলায়ন করে। শিরক ও কুফরীর নেতাদেরকে ধ্বংস করে দেওয়া হয়। বদর যুদ্ধের সময় যখন নবী করীম (সাঃ) স্বীয় তাঁবুতে কাকুতি-মিনতি সহকারে দু'আয় ময় ছিলেন, তখন আবূ বাকর (রাঃ) বললেন, كَسُبُكَ يَا رَسُوْلَ اللهِ! أَلْحَدْتَ عَلَى رَبِّكَ وَاللهِ! أَلْحَدْتَ عَلَى رَبِّكَ وَاللهِ! أَلْحَدْتَ مَا وَيَا رَسُوْلَ اللهِ! أَلْحَدْتَ مَا وَيَا رَسُوْلَ اللهِ! أَلْحَدْتَ مَا وَيَا رَسُوْلَ اللهِ! وَاللهِ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهُ اللهِ اللهُ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهُ اللهُ اللهِ اللهُ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ الله





তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4891

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন